১.২.২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কমিটির সিদ্ধান্ত বাস্তাবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন :**

উপর্যুক্ত বিষয়ে সুরক্ষা সেবা বিভাগের অধিন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির এক সভা বিগত ২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে জনাব মো: আজিজুল ইসলাম, অতিরিক্ত মহাপরিচালক এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৫ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপভাবে পর্যালোচনা করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত | পর্যালোচনা/মন্তব্য |
|---|---|---|
| ১ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতির ২.১(৬) এর ক্রমিক ৭-এ 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা(রেজিঃ নম্বরসহ)' এর স্থলে 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা (রেজিঃ নম্বরসহ) ও তাদের নিয়োগপত্র, যোগদানপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্র' সংযোজন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতির ২.১(৬) এর ক্রমিক ৭-এ 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা(রেজিঃ নম্বরসহ)' এর স্থলে 'হাসপাতাল/ক্লিনিকে নিয়োজিত ডাক্তারদের তালিকা (রেজিঃ নম্বরসহ) ও তাদের নিয়োগপত্র, যোগদানপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্র' সংযোজন করা হয়েছে কি'না তা যাচাই করা হয়েছে এবং কার্যক্রম গ্রহীত হয়েছে মর্মে পাওয়া গেছে। |
| ২ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে জিআরএস অংশ সংযোজনপূর্বক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপিল কর্মকর্তা ও মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলের জন্য নিষ্পত্তির সময়সীমা মাসের পরিবর্তে কার্যদিবস আকারে অন্তর্ভূক্ত করতে হবে। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে জিআরএস অংশ সংযোজনপূর্বক অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপিল কর্মকর্তা ও মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেলের জন্য নিষ্পত্তির সময়সীমা মাসের পরিবর্তে কার্যদিবস আকারে অন্তর্ভূক্ত করা হয়েছে। |
| ৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক অধিদপ্তরের প্রত্যাশা অংশ সংযোজন করতে হবে। | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিটিজেনস্ চার্টারে সেবা প্রদান প্রতিশ্রুতির GRS এবং প্রত্যাশা অংশ সংযোজিত করা হয়েছে। |

KASHAIA

| | | |
|---|---|---|
| ৪ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে অভ্যন্তরীণ সেবা অংশে কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, বহি:বাংলাদেশ অর্জিত ছুটি, পাসপোর্ট প্রদানের এনওসি, সরকারি বাসা বরাদ্দের আবেদন প্রেরণ ও চিকিৎসা সহায়তার আবেদন ইত্যাদি অন্তর্ভুক্ত করতে হবে। | যাচাই করে দেখা যায় সংশ্লিষ্ট অংশে কর্মকর্তা-কর্মচারীদের অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি, বহি:বাংলাদেশ অর্জিত ছুটি, পাসপোর্ট প্রদানের এনওসি, সরকারি বাসা বরাদ্দের আবেদন প্রেরণ ও চিকিৎসা সহায়তার আবেদন ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে। |
| ৫ | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক অন্তর্ভুক্ত করতে হবে। | অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবার ফরম এবং অনলাইন সেবার লিংক অন্তর্ভুক্ত করা আছে। |
| ৬ | ত্রৈমাসিক ভিত্তিতে অধিদপ্তরের স্বাক্ষরিত সেবা প্রদান প্রতিশ্রুতি প্রমাণক হিসাবে সংরক্ষণ করতে হবে। | হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (গত ২৯/০৯/২০২২ তারিখে স্বাক্ষরিত) অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং প্রমাণক হিসাবে নথিতে সংরক্ষণ করা আছে। |

২. পরিবীক্ষণ কমিটি কর্তৃক দৈবচয়ন পদ্ধতিতে কয়েকটি শাখার প্রয়োজনীয় ডকুমেন্ট ও সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবা প্রদানের সময়সীমা যাচাই-বাছাই করা হয়। প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ :

| ক্রম | সেবার নাম | সেবার আবেদন/প্রস্তাবনা গৃহীত | সেবা প্রদানের সময়সীমা | জুলাই- সেপ্টেম্বর ২০২২ এ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদানকৃত সেবার সংখ্যা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা সম্ভব হয়নি এমন সেবার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | নারকোটিক ড্রাগস মজুদ ও খুচরা বিক্রয়ের লাইসেন্স ( ফার্মেসী) প্রদান। | ০৩টি | ৪৫ দিন | ০৩টি | -- | |
| ২. | নারকোটিক ড্রাগস ব্যবহারের পারমিট প্রদান। | ১৭টি | ৪৫ দিন | ১৭টি | -- | |
| ৩. | সাইকোট্রপিক সাবস্ট্যান্স আমদানী, মজুদ ও পাইকারী বিক্রয় লাইসেন্স প্রদান। | ১৩টি | ৬০ দিন | ১৩টি | -- | |
| ৪. | সাইকোট্রপিক সাবস্ট্যান্স রপ্তানী, মজুদ ও পাইকারী বিক্রয় লাইসেন্স প্রদান। | ৮টি | ৬০ দিন | ৮টি | -- | |
| ৫. | এ্যালোপ্যাথিক ঔষধ শিল্পে ব্যবহারের জন্য রেকটিফাইড স্পিরিট, এ্যাবসলিউট এ্যালকোহল/ ইথাইল এ্যালকোহল/ স্ট্রং এ্যালকোহল মজুদ ও ব্যবহারের পারমিট প্রদান। | ০২টি | ৪৫ দিন | ০২টি | -- | |

| ক্রম | সেবার নাম | সেবার আবেদন/প্রস্তাবনা গৃহীত | সেবা প্রদানের সময়সীমা | জুলাই- সেপ্টেম্বর ২০২২ এ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রদানকৃত সেবার সংখ্যা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রদান করা সম্ভব হয়নি এমন সেবার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৬. | বৈজ্ঞানিক গবেষণা, শিক্ষা, চিকিৎসা ও অন্যান্য ক্ষেত্রে ব্যবহারের জন্য রেকটিফাইড স্পিরিট/ এ্যাবসলিউট এ্যালকোহল/ ইথাইল এ্যালকোহল/ স্ট্রং এ্যালকোহল (এইচ এস কোড -২২০৭) মজুদ ও ব্যবহারের পারমিট প্রদান। | ০৫টি | ৪৫ দিন | ০৫টি | -- | |
| ৭. | হোমিওপ্যাথিক ঔষধ প্রসত্মুতের জন্য রেকটিফাইড স্পিরিট/ স্ট্রং এ্যালকোহল/ ইথাইল এ্যালকোহল (এইচ এস কোড -২২০৭) আমদানি ও মজুদ লাইসেন্স প্রদান। | ০৮টি | ৪৫ দিন | ০৮টি | -- | |
| ৮. | মাদকাসক্তির পরামর্শ, চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্রের লাইসেন্স প্রদান। | ০৬টি | ৬০ দিন | ০৬টি | -- | |
| ৯. | আমদানিকৃত প্রিকারসর কেমিক্যালসের শুল্ক খালাসের অনাপত্তি প্রদান। | ০৮টি | ০৩ দিন | ০৭টি | ০১ | চেকলিস্ট অনুযায়ী সংযুক্ত কমার্শিয়াল ইনভয়েজ অস্পষ্ট থাকায় নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয়নি। |

৩. অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২৫ সেপ্টেম্বর, ২০২২ তারিখের সভায় গৃহীত ৬টি সিদ্ধান্তের সবকটি বাস্তবায়ন করা হয়েছে। সিদ্ধান্ত বাস্তবায়নের শতকরা হার ১০০%। প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

Kasphia Alam 29.09.22

Kasphia Alam
Assistant Director (Admin)
Department of Narcotics Control
Head Office, Dhaka.

২৯/৯/২০২২

মোঃ আজিজুল ইসলাম
অতিরিক্ত মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।